“যে ব্যক্তি পাহাড়ের উপর থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করে, সে জাহান্নামের আগুনে পুড়বে, চিরদিন সে জাহান্নামের মধ্যে অনুরূপভাবে লাফিয়ে পড়তে থাকবে।

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি পাহাড়ের উপর থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করে, সে জাহান্নামের
আগুনে পুড়বে, চিরদিন সে জাহান্নামের মধ্যে অনুরূপভাবে লাফিয়ে পড়তে থাকবে। যে
ব্যক্তি বিষপান করে আত্মহত্যা করবে তার বিষ জাহান্নামের আগুনের মধ্যে তার হাতে
থাকবে, চিরকাল সে জাহান্নামের মধ্যে তা পান করতে থাকবে। যে ব্যক্তি লোহার আঘাতে আত্মহত্যা করবে, জাহান্নামের আগুনের মধ্যে সে লোহা তার হাতে থাকবে, চিরকাল সে তা দ্বারা নিজের পেটে আঘাত করতে থাকবে।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবীজি (সা.) ইচ্ছাকৃতভাবে আত্মহত্যা করার ব্যাপারে সতর্ক করেছেন। কারণ, কিয়ামতের দিন জাহান্নামের আগুনে সে একইভাবে শাস্তি পাবে, যেমনভাবে সে দুনিয়াতে নিজেকে হত্যা করেছিল। যে ব্যক্তি পাহাড় থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করে, সে জাহান্নামের আগুনে পাহাড় থেকে উপত্যকায় পড়তে থাকবে, সেখানে চিরকাল থাকবে। যে ব্যক্তি বিষ পান করে আত্মহত্যা করে, তার হাতে বিষ থাকবে এবং সে জাহান্নামের আগুনে তা পান করতে থাকবে, সেখানে চিরকাল থাকবে। আর যে ব্যক্তি লোহার অস্ত্র দিয়ে নিজের পেটে আঘাত করে আত্মহত্যা করে, তার হাতে সেই লোহার অস্ত্র থাকবে এবং সে জাহান্নামের আগুনে তা দিয়ে নিজের পেটে আঘাত করতে থাকবে, সেখানে চিরকাল থাকবে।

http://sunnah.global/hadeeth/bn/show/66204